

সংসদে শিক্ষামন্ত্রী
জরাজীর্ণ শিক্ষাপ্রতিষ্ঠানের
সংখ্যা ১১ হাজার

নিজস্ব প্রতিবেদক ▷

বর্তমানে দেশে জরাজীর্ণ, মেরামত ও সংস্কারযোগ্য শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা ১০ হাজার, ৯৬০টি। এর মধ্যে কলেজ ৭৩২টি, স্কুল ও কলেজ ৩১১টি, স্কুল ছয় হাজার ৪৬৪টি ও তিন হাজার ৪৫৩টি মাদ্রাসা রয়েছে। গতকাল সোমবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান। সরকারি দলের সংসদ সদস্য ওয়াসিকা আয়েশা খানের লিখিত প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, ২০১৩-১৪ অর্থবছরে বেসরকারি ভবন মেরামত ও সংস্কার খাতে ৩১ কোটি টাকা বরাদ্দ ছিল, যা দিয়ে ১৯৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের অসমাপ্ত কাজ সমাপ্ত এবং ৪০১টি শিক্ষাপ্রতিষ্ঠান মেরামত ও সংস্কার করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে ৩৭ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে, যা দিয়ে ২৭১টি শিক্ষাপ্রতিষ্ঠানের অসমাপ্ত কাজ সমাপ্ত এবং ৪০১টি শিক্ষাপ্রতিষ্ঠান মেরামত ও সংস্কার করা হয়েছে।

গাজী আমজাদ হোসেন মিলনের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে আরো স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পাবলিক সার্ভিস কমিশনের মতো আলাদা কমিশন করার বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে। ইতিমধ্যে প্রধানমন্ত্রী কার্যালয়ে এ বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য সাত সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রমের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা নেবে।

সরকারি দলের আ ফ ম বাহাউদ্দিন নাহিমের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, দেশে উপজেলা শিক্ষা অফিসারের ৫৮টি পদ শূন্য আছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিয়োগ বিধি প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন। নিয়োগ বিধি প্রণয়ন কার্যক্রম সম্পন্ন হলে ওই পদগুলো নিয়োগ বিধি অনুযায়ী পূরণ করা সম্ভব হবে।